

মতিঝিল আইডিয়াল স্কুল

বেতন বাড়ানোর প্রতিবাদে  
অভিভাবকদের বিক্ষোভ

■ সমকাল প্রতিবেদক  
রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুলে  
প্রতি শ্রেণীতে মাসিক বেতন ২০০ টাকা  
বৃদ্ধির প্রতিবাদে বিক্ষোভ-সমাবেশ

করেছেন অভিভাবকরা। অভিভাবক  
একা ফেরায়ের ব্যানারে গতকাল  
বুধবার সকাল সাড়ে ৭টা  
মতিঝিল, বনগ্রী ও মুরগদা শাখার  
সামনে এ কর্মসূচি পালন করা হয়।

মাসিক বেতন জমা দেওয়ার  
নির্ধারিত প্রথম দিনে তারা স্কুলের  
সামনের রাস্তা অবরোধ করে বর্ধিত  
বেতন বাড়িলের দাবি জানান। পরে  
সংশ্লিষ্ট শাখাগুলোর সামনে সমাবেশ  
অনুষ্ঠিত হয়। মতিঝিল আইডিয়াল  
স্কুলের সামনের সমাবেশে বক্তব্য  
রাখেন অভিভাবক একা ফেরায়ের  
চেয়ারম্যান জিয়াউল করিম দুলু, স্কুলের  
সহকারী প্রধান শিক্ষক (প্রভাতী)  
মোফাজ্জল হোসেন প্রমুখ। বক্তারা  
বলেন, রাজনৈতিক বিবেচনায় সরকার  
সমর্থক নেতাকর্মীদের নিয়ে গঠিত  
স্কুলের ম্যানেজিং কমিটি ২ অংশে প্রতি  
শ্রেণীতে ২০০ টাকা বেতন বাড়ানোর  
সিদ্ধান্ত নেয়। নিয়ম অনুযায়ী স্কুলটিতে  
প্রতি তিন বছর পর পর বেতন  
বাড়ানোর কথা। সর্বশেষ গত বছরের  
জানুয়ারিতে স্কুলে শিক্ষার্থীদের বেতন  
বাড়ানো হয়। পরে ম্যানেজিং কমিটির  
সদস্য স্থানীয় কাউন্সিলর মারুফ  
আহমেদ মুনসুর এসে অভিভাবকদের  
সঙ্গে কথা বলেন। তিনি পরবর্তী স্তায়  
বেতন কমানোর আশ্বাস দিয়ে  
অভিভাবকরা কর্মসূচি স্থগিত করেন।  
এ ব্যাপারে স্কুলের অধ্যক্ষ ড. শাহান  
আরা বেগম বলেন, ম্যানেজিং কমিটির  
সভার সিদ্ধান্তের আলোকে বেতন  
বাড়ানো হয়েছে। বেশির ভাগ  
অভিভাবকই গতকাল সভানদের বেতন  
পরিশোধ করেছেন।